

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৭০

তারিখঃ

০৩ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
১৯ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৯৬ তম কমিশন সভা অদ্য ১৯/১০/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ-

০১. অদ্যকার কমিশন সভায়, Delta BRAC Housing Finance Corporation (DBH) Limited এর ৩০০ কোটি (ফেস ভ্যালু) টাকার (মোট ইস্যু মূল্য ২৬৩.২৪ কোটি টাকা) Non-convertible Zero-coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। উক্ত বন্ডের ডিসকাউন্ট হার সর্বোচ্চ ৬.০০%, যা আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়াল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, সমবায় ব্যাংক, আঞ্চলিক ব্যাংক, সংগঠন, ট্রাস্ট ফান্ড ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা কর্পোরেশনসহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদের অনুকূলে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে।

উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Delta BRAC Housing Finance Corporation (DBH) Limited গৃহস্থালী খাতে তা প্রদান করবে। এই বন্ডের প্রতি লটের ফেস ভ্যালু ৪০,০০,০০০/- টাকা (ইস্যু মূল্য ৩৫,০৯,৮৪৬/- টাকা)। এই বন্ডের Trustee IDLC Investments Limited এবং Arranger হিসাবে কাজ করছে UCB Investment Limited.

Pleasant
19-10-21

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র